

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং- শিম/শাঃ ১৭/১০ এম-১৫/২০০৭/৬৬১

তারিখঃ ১০/০৯/২০০৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি
(২য় পর্যায়)

বিষয় : শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচীর অধীনে আবেদন (Application for Research - Aid in Higher Education) আহ্বান।

উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন করা, বিশেষ করে দেশের তুলনামূলক সুবিধা (comparative advantage) চিহ্নিতকরণ এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগিয়ে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক প্রযুক্তিবিদ (critical mass) গড়ে তোলার লক্ষ্যে নিম্নেবর্ণিত গবেষণার ক্ষেত্রসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- গাণিতিক বিজ্ঞান (Mathematical Sciences);
- জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Sciences);
- ভৌত বিজ্ঞান (Physical Sciences).


২। বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর আওতাভুক্ত স্নাতকোত্তর কলেজসমূহের সংশ্লিষ্ট বিভাগ এবং পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগ উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবে।

৩। গবেষণা সহায়তা প্রাপ্তির শর্ত সমূহ :-

- আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও খ্যাত (আন্তর্জাতিক রেটিংধারী) জার্নালে গত পাঁচ বছরে গবেষক টীম-এর ক্ষেত্রে কমপক্ষে ৫ টি এবং ব্যক্তির ক্ষেত্রে কমপক্ষে ২/টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে এমন গবেষকবৃন্দ/গবেষক;
- আবেদনকারী গবেষক টীম/ গবেষককে আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে;
- ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকাণ্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;
- দেশে প্রায়োগিক উপযোগিতা ও বর্তমান যুগের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার কথা বিবেচনায় রেখে গবেষণার বিষয়বস্তু নির্ধারণ করা হবে;
- গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বৃৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;
- আবেদনকারীকে তার জানামতে তিনজন বিশেষজ্ঞের নাম (রেফারী হিসেবে) উল্লেখ করতে হবে।

৪। আগামী ৩০ সেপ্টেম্বর, ২০০৮ তারিখের মধ্যে আবশ্যিকভাবে আবেদনপত্র শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছানো নিশ্চিত করতে হবে। নির্ধারিত ফরম ছাড়া এবং নির্ধারিত সময়ে পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৫। গবেষণা সহায়তা কর্মসূচীর যাবতীয় তথ্য সম্বলিত বিজ্ঞপ্তি, নীতিমালা ও আবেদন ফরম (Grants for Advanced Research in Science) শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইট www.moedu.gov.bd-হতে Application for Research - Aid in Higher Education-হেডিং এ ক্লিক করে সংগ্রহ করা যাবে।


(রঞ্জৎ কুমার সেন)

উপসচিব

ফোনঃ ৭১৬১১৭৬